আজকের কাগজ

তারিখ 04 JUL 1993
পৃষ্ঠা ৬ কলাম ৭

# ফরিদপুরের মেহেরুল্লাহ্ দাখিল মাদ্রাসার সুপারের বিরুদ্ধে দুর্নীতির অভিযোগ

পাবনার ফরিদপুর থানার দেওভোগ মেহেরুল্লাহ্ দাখিল মাদ্রাসার সুপার মৌলানা আব্দুর রহিমের বিরুদ্ধে ব্যাপক দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে। মাদ্রাসা কমিটির সহ-সভাপতি আলহাজ্ব আবুল ফজল ও প্রাক্তন ইউপি চেয়ারম্যান আব্দুল ওয়াহেদ মিয়াসহ ১৭ জন স্বাক্ষরিত মাদ্রাসা শিক্ষাবোর্ডের মহাপরিচালক বরাবর লিখিত অভিযোগে জানা গেছে, সুপার মৌলানা আব্দুর রহিম মাসে ১০/১৫ দিনের বেশি মাদ্রাসা না করেই রেগুলার হাজিরা খাতায় স্বাক্ষর করেন। মাদ্রাসার মন্তব্য বইয়ের সিদ্ধান্তের সঙ্গে ক্যাশ বইয়ের কোনো মিল নেই। বিভিন্ন সময়ে উর্ধ্বতন কর্তৃপক্ষের ভুয়া স্বাক্ষরিত নোটিশ দ্বারা শিক্ষকদের নাজেহাল করে থাকেন। ক্যাশ বই ও মন্তব্য বই মাদ্রাসায় না রেখে নিজ বাড়িতে রাখেন। মাদ্রাসার সহকারী শিক্ষকদের সম্মানি ভাতা অবৈধভাবে উত্তোলন করে আত্মসাৎ করেছেন বলেও অভিযোগ পাওয়া গেছে। সুপারের এসব অবৈধ কাজে বাধা দিলে সুপার সংশ্লিষ্ট উর্ধ্বতন কর্তৃপক্ষের যোগসাজশে গত ৪/১০/৯২ তারিখের ৩ বছরের জন্যে নির্বাচিত কমিটি ভেঙ্গে গত ২০ জুন এডহক কমিটি গঠন করেছেন। উল্লেখ্য, সুপার মৌলানা আঃ রহিমের নিয়োগও অবৈধ বলে অভিযোগ রয়েছে। ফরিদপুর থেকে আবু বাসেদ।